

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**খাদ্য অধিদপ্তর**  
**চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা**  
**১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।**  
**www.dgfood.gov.bd**

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৮৩৪০

**১২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ**  
**তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ**

**বিষয়:** বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ১,২০০ মে.টন বোরো'২৫ সিঙ্ক চালের চলাচলসূচি (সূচি নং-২৬৭)।

**সূত্র:** ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ১৮-১২-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০১৩.১৮.৮০০৫ নং স্মারক এবং ২৩-১২-২০২৫ খ্রি.

১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০১৩.১৮.৮০২৩ নং স্মারক

২। সাইলো অধিক্ষেত্রের কার্যালয়, সাত্তাহার সাইলোর ১৫-১২-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৩০১.৯৯.০০০১.২৫.১৬১১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল বিভাগের এলএসডিসমূহে জানুয়ারি ২০২৬ মাসে ওএমএস, টিসিবি, ভিড়িউবি, কাবিখা, ইপি-ওপি এবং জিআর খাতে সন্তোষ্য বিলি-বিতরণের জন্য চালের চাহিদা সূত্রহ ১ নং স্মারকে এ দণ্ডে প্রাপ্ত হয়েছে। সূত্রহ ২ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, সাত্তাহার সাইলোতে চালের মজুত ১৬,৮৭৬.৫৮৮ মে.টন। সংরক্ষিত চালের মধ্যে ১৫,৮৯৭.৭১৯ মে.টন চাল বোরো'২৫ মৌসুমে সংগৃহীত। মাল্টিস্টোরেড ওয়্যারহাউসে সংরক্ষিত বোরো'২৫ মৌসুমের চাল প্রেরণের মাধ্যমে Storage space সৃষ্টি ও আমন'২৫-২৬ মৌসুমে চাল প্রেরণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিন্য অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, বরিশাল বিভাগের এলএসডিসমূহে জানুয়ারি/২০২৬ মাসে ওএমএস, টিসিবি, ভিড়িউবি, কাবিখা, ইপি-ওপি এবং জিআর খাতে বিলি-বিতরণের লক্ষ্যে বর্তমান মজুত, খালি জায়গা, সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ১,২০০ মে.টন বোরো'২৫ সিঙ্ক চালের চলাচল সূচি নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

#### রাজশাহী বিভাগ হতে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগে নৌপথে বোরো'২৫ সিঙ্ক চালের চলাচলসূচি

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	রুট	মাধ্যম	রুট	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	মন্তব্য
১.	সিরাজগঞ্জ	বাঘাবাড়ী এলএসডি	সড়ক পথ	বাঘাবাড়ী ঘাট	নৌপথ	পিরোজপুর	ভান্ডারিয়া এলএসডি	৩০০	বোরো'২৫ সিঙ্কচাল	চসসা বিভাগ নৌপথে এবং আধানি রাজশাহী ও
২.	বগুড়া	সাত্তাহার ওয়্যারহাউস	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	৩০০	ঐ	জেখানি, সিরাজগঞ্জ সড়ক পথে উপসূচি জারি করবেন
৩.		ঐ	ঐ	ঐ	ঐ	পটুয়াখালী	দশমিনা এলএসডি	৬০০	ঐ	
								মোট =	১২০০	

#### নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৮-২০২০ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং ও ২৯-১১-২০২১ খ্রি.

১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯..০০১.১৯.৮৭৮ নং, ২১-১২-২০২২ খ্রি.  
১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ নং স্মারক, ০২-০৫-২০২৩ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ নং এবং ১৪-০৭-২০২৫  
খ্রি. ১৩.০১.০০০০.০০০.০৮১.১৯.০০০১.১৯.৩৬৮৯ নং স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ  
এবং খাদ্য অধিদপ্তরের ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী  
সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর প্রচ্ছে ডিজিটাল  
প্রিন্ট স্টেম্পিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেম্পিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত  
হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট  
জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার  
ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে  
সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে  
খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে  
চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ  
নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম  
হলে বা সমস্যার উভত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে  
ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস  
যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ  
নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক  
প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে  
পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ই-মেইল যোগে  
অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য  
নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ই-মেইল সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;


১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত  
জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১২-০১-২০২৬ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ  
করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী  
ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

  
২৭-১২-২০২৫  
মোঃ আনিছুর রহমান  
সহকারি উপপরিচালক

#### বিতরণ (জ্যৈষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
- ২। রক্ষণ প্রকৌশলী এবং আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, সান্তাহার, বগুড়া।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিরাজগঞ্জ।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৮৩৪০/১ (৮)

তারিখ: ১২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

#### সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যৈষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পিরোজপুর।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পটুয়াখালী।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি।



  
২৭-১২-২০২৫  
মোঃ আনিছুর রহমান  
সহকারি উপপরিচালক